২০১৬-১৭ অর্থবছরে নাগেশ্বরী উপজেলার চর হাট বাজারে এগ্রো-ইনপুট বিক্রয়ের সামগ্রিক পরিমাণ ছিলো ২.৪ কোটি টাকা। এর মধ্যে ৪ টি হাট/বাজার উল্লেখযোগ্য- নারায়ণপুরে বিক্রয়ের পরিমাণ ছিলো সবচেয়ে বেশি (৩২ লাখ টাকা), এর পরবর্তী অবস্থানেই আছে কোচাকাটা বাজার (২৭ লাখ টাকার সমপরিমাণ বিক্রয়)। বিক্রয়ের পরিমাণের দিক দিয়ে তৃতীয় অবস্থানে আছে গাবতলা বাজার (২৬ লাখ টাকা) এবং এর পরেই চতুর্থ অবস্থানে আছে মাদারগঞ্জ বাজার (২৫ লাখ টাকা)।

## চাষের প্যাটার্ন

নাগেশ্বরীর চরে বসবাসরত ১৮,৪১৭ টি পরিবারের মধ্যে ১৫,৩৫৮ টি পরিবারই কৃষিকাজের সাথে সম্পৃক্ত। নাগেশ্বরী চর এলাকার চাষের প্যাটার্ন নিম্নে উল্লেখ করা হলো।

জেলা: কুড়িগ্রাম উপজেলা: নাগেশ্বরী

| GKi (%) | | | ৫৫% | ১৬% | ১১% | ১০% | ৮% |
|---|---|---|---|---|---|---|---|
| খরিফ ২ | fv` | †m‡Þ¤i | × | | | | |
| | Awkb | | | × | × | × | × |
| | Awkb | A‡±vei | | | | | |
| রবি | KwZK | | | | | | |
| | KwZK | b‡f¤i | রোপা আমন ধান | | | ডাল | |
| | অগ্রহায়ণ | | | mwil v | | | |
| | অগ্রহায়ণ | wW‡m¤i | | | | | |
| | †cŠl | | | | Mg | | |
| | †cŠl | Rvbqwi | × | | | | |
| | gvN | | | | | | fÆv |
| | gvN | †de“qwi | | | | | |
| | ফাল্গুন | | | | | | |
| | ফাল্গুন | gvP | উচ্চফলনশীল - বোরো ধান | উচ্চফলনশীল - বোরো ধান | × | উচ্চফলনশীল - বোরো ধান | |
| | ^PÎ | | | | | | |
| খরিফ ১ | ^PÎ | Gwcj | | | | | |
| | ^ekvL | | | | | | |
| | ^ekvL | †g | | | | | |
| | জৈষ্ঠ্য | | | | cvU | | cvU |
| | জৈষ্ঠ্য | Rb | | | | | |
| | আষাঢ় | | | | | | |
| | আষাঢ় | RjvB | × | × | | × | |
| খরিফ ২ | kveY | | | | | | |
| | kveY | AvM÷ | | | × | | × |
| | fv` | | | | | | |

এই উপজেলার চর এলাকার ৩০,৭০৩ একর কৃষিভূমি জুড়ে ১২ টি ভিন্ন ধরণের ফসলের চাষ হয়ে থাকে। বোরো ধান সবচেয়ে বেশি এলাকাজুড়ে চাষ হয় (৮,৫৪১ একরজুড়ে), পাটের চাষ হয় ৭,৫৫৫ একরজুড়ে। এর পরবর্তী অবস্থানেই আছে ডাল (৬,৫৭১ একরজুড়ে)।

## নাগেশ্বরী চর এলাকায় ফসল চাষের ভিত্তিতে জমির একরের পরিমাণ




### ২.৩.৫ উলিপুর

আয়তন ও জনসংখ্যার বিচারে উলিপুর কুড়িগ্রাম জেলার বৃহত্তম উপজেলা। এর আয়তন ৪৫৮.৪৮ বর্গকিলোমিটার যার ৭৮.৭৩ বর্গকিলোমিটার নদীতীরস্থ এলাকা। এই উপজেলার উত্তরে কুড়িগ্রাম সদর উপজেলা ও রাজারহাট উপজেলা অবস্থিত, পূর্বেই রয়েছে ব্রহ্মপুত্র নদ, ভারতের আসাম অঙ্গরাজ্য ও রৌমারী উপজেলা এবং দক্ষিণে চিলমারী উপজেলা ও গাইবান্ধার সুন্দরগঞ্জ উপজেলা, উলিপুরের পশ্চিমে রংপুরের পীরগাছা উপজেলা ও গাইবান্ধার সুন্দরগঞ্জ উপজেলা অবস্থিত।



## গুরুত্বপূর্ণ হাট বাজার

উলিপুরের জনপ্রিয় হাট/বাজারের দিনগুলো নিম্নে উল্লেখ করা হলো।

| | iwe | †mvg | g½j | ea | en | ïµ | kwb |
|---|---|---|---|---|---|---|---|
| থেত্রাই বাজার | | | | | | | |
| বজরা বাজার | | | | | | | |
| উলিপুর | | | | | | | |

## উলিপুর চর এলাকায় এগ্রো-ইনপুট বিক্রয়ের পরিমাণ (টাকা), ২০১৬-১৭






উলিপুর উপজেলার চর এলাকায় ২০১৬-১৬ অর্থবছরে মোট এগ্রো-ইনপুট বিক্রয়ের পরিমাণ ছিলো ১৫,৭৭৯ টাকা। এর মধ্যে চারটি হাট বাজারে বিক্রয়ের পরিমাণ ছিলো উল্লেখযোগ্য- উলিপুর হাট (৪২ লাখ টাকা), থানা হাট, বজরা বাজার এবং থেত্রাই বাজার যেগুলোর প্রতিটিতে বিক্রয়ের পরিমাণ ছিলো প্রায় ১৭ লাখ টাকা।

### চাষের প্যাটার্ন

উলিপুর চর এলাকায় ৬৪,৬৪৩ টি পরিবারের বসবাস, যার ২০,৯৫৮ টি পরিবারই কৃষিকাজের সাথে সম্পৃক্ত। উলিপুর চর এলাকার চাষের প্যাটার্ন নিম্নে উল্লেখ করা হলো।

জেলা: কুড়িগ্রাম উপজেলা: উলিপুর

| GKi (%) | | | ৫১% | ১৩% | ১৩% | ১১% | ৭% | ৫% |
|---|---|---|---|---|---|---|---|---|
| খরিফ ২ | fv` | †m‡Þ¤i | × | | | | | |
| | Awkb | | | × | × | × | | |
| | Awkb | A‡±vei | | | | | | |
| রবি | KwZK | | | | | | রোপা আমন ধান | |
| | KwZK | b‡f¤i | রোপা আমন ধান | | | | | |
| | অগ্রহায়ণ | | | | mwilv | | | |
| | অগ্রহায়ণ | wW‡m¤i | | | | | | আলু |
| | †cŠl | | | Mg | | বাদাম | | |
| | †cŠl | Rvbqwi | × | | | | | |
| | gvN | | | | | | পিঁয়াজ/ সবজি | |
| | gvN | †de“qwi | | | | | | |
| | ফাল্গুন | | | | | | | |
| | ফাল্গুন | gvP | উচ্চফলনশীল - বোরো ধান | | উচ্চফলনশীল - বোরো ধান | | | |
| | ^P Î | | | × | | × | | |
| খরিফ ১ | ^P Î | Gwcj | | | | | | fÆv |
| | ^ekvL | | | | | | | |
| | ^ekvL | †g | | | | | | |
| | জৈষ্ঠ্য | | | cvU | | cvU | cvU | |
| | জৈষ্ঠ্য | Rb | | | | | | |
| | আষাঢ় | | | | | | | |
| | আষাঢ় | RjvB | × | | × | | | |
| খরিফ ২ | kveY | | | | | | | × |
| | kveY | AvM÷ | | × | | × | × | |
| | fv` | | | | | | | |

উলিপুর চর এলাকার ৩৩,৯২০ একর জমিজুড়ে ১৩ টি ভিন্ন ধরণের ফসলের চাষ হয়। এর মধ্যে সবচেয়ে বেশি এলাকাজুড়ে চাষ হয় পাট (১০,৯০০ একর) এবং পরেই আছে আমন ধান (৭,১১৬ একর)।

## উলিপুর চর এলাকায় ফসল চাষের ভিত্তিতে জমির একরের পরিমাণ




## ৩. গাইবান্ধার চরাঞ্চলে কৃষি উপকরণের বাজার সম্ভাবনা

গাইবান্ধা একটি নদীতীরস্থ জেলা যেখানে মোট ৭ টি উপজেলার মধ্যে ৩ টি উপজেলা *এমফোরসির* টার্গেট এলাকার আওতাভুক্ত - ফুলছড়ি, সুন্দরগঞ্জ ও সাঘাটা। এই উপজেলাগুলোতে মোট ৯১ টি চর অবস্থিত। ২০১৬-১৭ অর্থবছরে এই চরগুলোতে এগ্রো-ইনপুটের ক্রেতার সংখ্যা ছিলো ১৩১,৩৫৫ জন। উল্লেখিত বছরে এগ্রো-ইনপুট বিক্রয়ের মোট পরিমাণ ছিলো ৮.৬ কোটি টাকা প্রতি একরে হিসেব করলে যা দাঁড়ায় ৬,৯৪২ টাকা।

## ৩.১ এগ্রো-ইনপুট বিক্রয়ের পরিমাণ

### এমফোরসির টার্গেট এলাকার চরের এগ্রো-ইনপুট বিক্রয়ের পরিমাণ এবং জমির একরের পরিমাণ




২০১৬-১৭ অর্থবছরে গাইবান্ধায় চর এলাকায় এগ্রো-ইনপুট বিক্রয়ের মোট পরিমাণ ছিলো ৮.৬ কোটি টাকা এবং ফসলের একরের পরিমাণ ছিলো ৪৩,৬৩৪ একর। ৫.১ কোটি টাকার মোট বিক্রয় ও মোট ২৬,৪৯৫ একর নিয়ে ফুলছড়ি উপজেলা আছে সবার ওপরের অবস্থানে। সাঘাটা উপজেলায় বিক্রয়ের পরিমাণ ১ কোটি টাকা ও ফসলের একরের পরিমাণ ৩,০৮৮ একর। সুন্দরগঞ্জ এলাকায় মোট বিক্রয়ের পরিমাণ ২.৪ কোটি টাকা এবং ফসলের একরের পরিমাণ ১৪,০৫১ একর।

### গাইবান্ধা জেলার চর এলাকায় প্রতি একরে এগ্রো ইনপুট বিক্রয়ের পরিমাণ




প্রতি একরে বিক্রয়ের পরিমাণ হিসাব করলে, সাঘাটার অবস্থান সবার ওপরে (৩,২৭০ টাকা প্রতি একর)। ফুলছড়ি ও সুন্দরগঞ্জে প্রতি একরে বিক্রয়ের পরিমাণ সচরাচর ১,৭০০ থেকে ২,০০০ টাকার মধ্যে হয়ে থাকে।

## ৩.২ ফসলের ভিত্তিতে জমির পরিমাণ

### গাইবান্ধা জেলায় এমফোরসির টার্গেট এলাকায় ফসল চাষের ভিত্তিতে জমির একরের পরিমাণ




গাইবান্ধায় *এমফোরসির* টার্গেট এলাকায় বছরজুড়ে ১৪ টি ভিন্ন ধরণের ফসলের চাষ হয়ে থাকে। সবচেয়ে বেশি চাষ হয় ভূট্টার (২০,৭৬৯ একর এলাকাজুড়ে), এর পরবর্তী অবস্থানেই আছে পাট (১৮,২০৪ একরজুড়ে)।

## ৩.৩ গাইবান্ধার উপজেলাসমূহ

### ৩.৩.১ ফুলছড়ি

ফুলছড়ি এলাকার আয়তন ৩০৬.৫৩ বর্গকিলোমিটার। উত্তরে গাইবান্ধা সদর উপজেলা, দক্ষিণে সাঘাটা ও ইসলামপুর উপজেলা, পূর্বে দেওয়ানগঞ্জ উপজেলা ও পশ্চিমে গাইবান্ধা সদর ও সাঘাটা উপজেলা নিয়ে এই ফুলছড়ির অবস্থান।

রিটেইলার সংখ্যা ৩১

রিটেইলার সংখ্যা ৯

## গুরুত্বপূর্ণ হাট বাজার

ফুলছড়ির জনপ্রিয় হাট/বাজারের দিনগুলো নিম্নে উল্লেখ করা হলো।

| | i‖e | †m‖g | g½j | ea | en | ï µ | k‖b |
|---|---|---|---|---|---|---|---|
| ফুলছড়ি হাট | | | ■ | | | | ■ |
| খাটিয়ামারি হাট | | ■ | | | ■ | | |

## ফুলছড়ি চর এলাকায় এগ্রো-ইনপুট বিক্রয়ের পরিমাণ (টাকা), ২০১৬-১৭



ফুলছড়ি উপজেলার চর এলাকায়, ২০১৬-১৭ অর্থবছরে এগ্রো-ইনপুট বিক্রয়ের সামগ্রিক পরিমাণ ছিলো ৫ কোটি টাকার বেশি। এর মধ্যে দু'টি হাট/বাজারে বিক্রয়ের পরিমাণ ছিলো উল্লেখযোগ্য- ফুলছড়ি হাট (৩.২ কোটি টাকা) ও খাটিয়ামারি হাট (৫৭ লাখ টাকা)।

## চাষের প্যাটার্ন

ফুলছড়ির চর এলাকাগুলোতে ৩২,৯০০ টি পরিবারের বসবাস, যার মধ্যে ২৬,১৯৩ টি পরিবারই কৃষিকাজের সাথে সম্পৃক্ত। এখানকার চর এলাকার চাষের প্যাটার্ন নিম্নে দেখানো হলো।

জেলা: গাইবান্ধা উপজেলা: ফুলছড়ি

| GKi (%) | | | ৩৫% | ৫০% | ১০% | ৫% |
|---|---|---|---|---|---|---|
| খরিফ ২ | fv` | †m‡Þ¤i | × | × | রোপা আমন ধান / গাঞ্জিয়া চাল | রোপা আমন ধান / গাঞ্জিয়া চাল |
| | Awkb | | | | | |
| | Awkb | A‡±vei | gwiP | fÆv | | |
| রবি | KwZK | | | | | |
| | KwZK | b‡f¤i | | | | |
| | অগ্রহায়ণ | | | | | |
| | অগ্রহায়ণ | wW‡m¤i | | | | |
| | †cŠl | | | | | |
| | †cŠl | Rvbqwi | | | সবজি | ডাল |
| | gvN | | | | | |
| | gvN | †de“qwi | | | | |
| | ফাল্গুন | | | | | |
| | ফাল্গুন | gvP | × | | | |
| | ^PÎ | | | | | |
| খরিফ ১ | ^PÎ | Gwcj | cvU | cvU | cvU | cvU |
| | ^ekvL | | | | | |
| | ^ekvL | †g | | | | |
| | জৈষ্ঠ্য | | | | | |
| | জৈষ্ঠ্য | Rb | | | | |
| | আষাঢ় | | | | | |
| | আষাঢ় | RjvB | | | | |
| | kveY | | | | | |
| খরিফ ২ | kveY | AvM÷ | × | × | × | × |
| | fv` | | | | | |

৪৮,৩৪৬ একর কৃষিভূমিজুড়ে ফুলছড়িতে ১৪ টি ভিন্ন ধরণের ফসল চাষ হয়ে থাকে। ভূট্টা এর মধ্যে সবচেয়ে বেশি চাষ হওয়া ফসল, ১৬,২৮১ একর এলাকাজুড়ে এটির চাষ। ১২,২৭১ একরজুড়ে চাষ হওয়া ফসল পাট আছে ঠিক এর পরের অবস্থানে।

## ফুলছড়ি চর এলাকায় ফসল চাষের ভিত্তিতে জমির একরের পরিমাণ



### ৩.৩.২ সাঘাটা

সাঘাটা উপজেলার আয়তন ২৫৫.৬৭ বর্গকিলোমিটার। উত্তরে গাইবান্ধা সদর উপজেলা, দক্ষিণে বগুড়ার সোনাতলা উপজেলা, পূর্বে ফুলছড়ি ও বগুড়ার সারিয়াকান্দি এবং ইসলামপুর উপজেলা নিয়ে সাঘাটা অবস্থিত।

রিটেইলার সংখ্যা ১০

## গুরুত্বপূর্ণ হাট বাজার

সাঘাটার জনপ্রিয় হাট/বাজারের দিনগুলো নিচে উল্লেখ করা হলো।

| | i‡e | †mvg | g½j | ea | en | ï µ | kwb |
|---|---|---|---|---|---|---|---|
| সাঘাটা হাট | | | ■ | | | ■ | |

## সাঘাটা চর এলাকায় এগ্রো-ইনপুট বিক্রয়ের পরিমাণ (টাকা), ২০১৬-১৭



সাঘাটা উপজেলার চর এলাকায় ২০১৬-১৭ অর্থবছরে এগ্রো-ইনপুট বিক্রয়ের মোট পরিমাণ ছিলো ১ কোটি টাকা। এর মধ্যে তিনটি হাট/বাজার উল্লেখযোগ্য- সাঘাটা বাজারে বিক্রির পরিমাণ ছিলো সর্বোচ্চ ৮০ লাখ টাকা এবং এর পরবর্তী অবস্থানেই আছে পাতিলবাড়ি ও মুন্সীরহাট বাজার যেগুলোর প্রতিটিতে বিক্রয়ের পরিমাণ ছিলো ৫ লাখ টাকা করে।

## চাষের প্যাটার্ন

সাঘাটা চর এলাকায় ৬,৩৪৪ টি পরিবারের বসবাস, যার মধ্যে ৩,৮৩৭ টি পরিবারই কৃষিকাজের সাথে সম্পৃক্ত। সাঘাটা চর এলাকার চাষের প্যাটার্ন নিম্নে দেখানো হলো।

জেলা: গাইবান্ধা উপজেলা: সাঘাটা

| GKi (%) | | | ৫০% | ৩৫% | ১০% | ৫% |
|---|---|---|---|---|---|---|
| খরিফ ২ | fv` | †m‡Þ¤i | × | × | রোপা আমন ধান/ গাঞ্জিয়া চাল | × |
| | Awkb | | | | | |
| | Awkb | A‡±vei | gwiP | | | |
| রবি | KwZK | | | fÆv | | বাদাম |
| | KwZK | b‡f¤i | | | | |
| | অগ্রহায়ণ | | | | | |
| | অগ্রহায়ণ | wW‡m¤i | | | সবজি | |
| | †cŠl | | | | | |
| | †cŠl | Rvbqwi | | | | |
| | gvN | | | | | |
| | gvN | †de“qwi | | | | |
| | ফাল্গুন | | | | | |
| | ফাল্গুন | gvP | × | | | |
| | ^PÎ | | | | | |
| খরিফ ১ | ^PÎ | Gwcj | cvU | cvU | cvU | × |
| | ^ekvL | | | | | |
| | ^ekvL | †g | | | | |
| | জৈষ্ঠ্য | | | | | |
| | জৈষ্ঠ্য | Rb | | | | |
| | আষাঢ় | | | | | |
| | আষাঢ় | RjvB | | | | |
| খরিফ ২ | kveY | | | | | |
| | kveY | AvM÷ | × | × | × | |
| | fv` | | | | | |

সাঘাটার চর এলাকায় ৪,৩৮৮ একরজুড়ে ১২ টি ভিন্ন ধরণের ফসলের চাষ হয়ে থাকে। এর মধ্যে সবচেয়ে বেশি এলাকাজুড়ে চাষ হয় পাটের (১,৩৫৩ একর) এবং মরিচের (৯৭৪ একর)।

## সাঘাটা চর এলাকায় ফসল চাষের ভিত্তিতে জমির একরের পরিমাণ



### ৩.৩.৩ সুন্দরগঞ্জ

সুন্দরগঞ্জ উপজেলার আয়তন ৪২৬.৫২ বর্গকিলোমিটার। উত্তরে রংপুরের পীরগাছা উপজেলা ও কুড়িগ্রামের উলিপুর ও চিলমারী উপজেলা, দক্ষিণে গাইবান্ধা সদর ও সাদুল্লাপুর উপজেলা, পূর্বে কুড়িগ্রামের চিলমারী ও চর রাজীবপুর উপজেলার এবং পশ্চিমে মিঠাপুকুর ও সাদুল্লাপুর উপজেলা নিয়ে সুন্দরগঞ্জের অবস্থান।






## গুরুত্বপূর্ণ হাট বাজার

সুন্দরগঞ্জের জনপ্রিয় হাট/বাজারের দিনগুলো নিম্নে উল্লেখ করা হলো।

| | i‌we | †mvg | g½j | ea | en | ï µ | k‌wb |
|---|---|---|---|---|---|---|---|
| পাঁচপীর বাজার | | ■ | | | | ■ | |

## সুন্দরগঞ্জ চর এলাকায় এগ্রো-ইনপুট বিক্রয়ের পরিমাণ (টাকা), ২০১৬-১৭



২০১৬-১৭ অর্থবছরে, সুন্দরগঞ্জের চর হাট/বাজারে এগ্রো-ইনপুটের বিক্রয়ের মোট পরিমাণ ছিলো ২.৪ কোটি টাকা। এর মধ্যে চারটি হাট/বাজারে বিক্রয়ের পরিমাণ ছিলো উল্লেখযোগ্য- মিরগঞ্জ হাটে বিক্রির পরিমাণ ছিলো সবচেয়ে বেশি (৪৮ লাখ টাকা)। এর পরবর্তী অবস্থানেই আছে পাঁচপীর বাজার যেখানে বিক্রির পরিমাণ ৪৩ লাখ টাকা। চৈতান্য বাজার ও বেলকা বাজারে বিক্রির পরিমাণ যথাক্রমে ৩৩ লাখ ও ৩১ লাখ টাকা।

## চাষের প্যাটার্ন

সুন্দরগঞ্জের চর এলাকায় ১৮,৭৭০ টি পরিবারের বসবাস যাদের ১৩,২৫১ টি পরিবারই কৃষিকাজের সাথে সম্পৃক্ত। সুন্দরগঞ্জ চর এলাকায় চাষের প্যাটার্ন নিম্নে উল্লেখ করা হলো।

জেলা: গাইবান্ধা উপজেলা: সুন্দরগঞ্জ

| GKi (%) | | | ৩০% | ৪৫% | ২০% | ৫% |
|---|---|---|---|---|---|---|
| খরিফ ২ | fv` | †m‡Þ¤i | × | × | রোপা আমন ধান/ গাঞ্জিয়া চাল | × |
| | Awkb | | | | | |
| | Awkb | A‡±vei | gwiP | | | আলু |
| | KwZK | | | | | |
| রবি | KwZK | b‡f¤i | | fÆv | | |
| | অগ্রহায়ণ | | | | | |
| | অগ্রহায়ণ | wW‡m¤i | | | পিঁয়াজ/ বেগুন | |
| | †cŠl | | | | | |
| | †cŠl | Rvbqwi | | | | |
| | gvN | | | | | উচ্চফলনশীল - বোরো ধান |
| | gvN | †de“qwi | | | | |
| | ফাল্গুন | | | | | |
| | ফাল্গুন | gvP | × | | | |
| | ^P Î | | | | | |
| খরিফ ১ | ^P Î | Gwcj | cvU | cvU | cvU | × |
| | ^ekvL | | | | | |
| | ^ekvL | †g | | | | |
| | জৈষ্ঠ্য | | | | | |
| | জৈষ্ঠ্য | Rb | | | | |
| | আষাঢ় | | | | | |
| | আষাঢ় | RjvB | | | | |
| খরিফ ২ | kveY | | | | | |
| | kveY | AvM÷ | × | × | × | |
| | fv` | | | | | |

এই এলাকায় ১৮,৮১৬ একর কৃষিভূমিতে ৮ টি ভিন্ন ধরণের ফসলের চাষ হয়ে থাকে। এর মধ্যে সবচেয়ে বেশি কৃষিভূমিজুড়ে চাষ হয় আমন ধান (৫,৫৪৬ একর) এবং পাট (৪,৫৮০ একর)।

## সুন্দরগঞ্জ চর এলাকায় ফসল চাষের ভিত্তিতে জমির একরের পরিমাণ




## ৪. সিরাজগঞ্জের চরাঞ্চলে কৃষি উপকরণের বাজার সম্ভাবনা

সিরাজগঞ্জ হলো রাজশাহী বিভাগে অবস্থিত একটি নদীতীরবর্তী জেলা, জেলার মোট ৯ টি উপজেলার মধ্যে *এমফোরসি* বেলকুচি, কাজীপুর ও সিরাজগঞ্জ সদর এই ৩ টি উপজেলায় কাজ করে। এই তিনটি উপজেলায় *এমফোরসি'র* টার্গেট এলাকার আওতাধীন ২৭ টি চর অবস্থিত। ২০১৬-১৭ অর্থবছরে, এই চরগুলোতে ৯৫ হাজার এগ্রো-ইনপুট ক্রেতা ছিলো এবং মোট বিক্রয়ের পরিমাণ ছিলো ১০ কোটি টাকা, প্রতি একরে বিক্রয়ের পরিমাণ ছিলো ১,২৭৫ টাকা।

## ৪.১ এগ্রো-ইনপুট বিক্রয়ের পরিমাণ

### এমফোরসির টার্গেট এলাকার চরের এগ্রো-ইনপুট বিক্রয়ের পরিমাণ এবং জমির একরের পরিমাণ




২০১৬-১৭ অর্থবছরে সিরাজগঞ্জ চর এলাকায় এগ্রো-ইনপুট বিক্রির সামগ্রিক পরিমাণ ছিলো ১০.০৩ কোটি টাকা এবং কৃষিভূমির আয়তন ছিলো ১২১,৩২৭ একর। কাজীপুর উপজেলায় বিক্রয়ের পরিমাণ ও কৃষিভূমির আয়তন, দু'টিই ছিলো সবচেয়ে বেশি, এই উপজেলায় এগ্রো-ইনপুট বিক্রয়ের মোট পরিমাণ ছিলো ৮.৬ কোটি টাকা এবং কৃষিভূমির মোট আয়তন ছিলো ৩৯,০২১ একর। সিরাজগঞ্জ সদর ও বেলকুচি উপজেলায় বিক্রয়ের পরিমাণ ছিলো উল্লেখযোগ্যভাবে কম- যথাক্রমে ৯৮ লাখ ও ৭৯ লাখ টাকা। এই এলাকা দু'টির কৃষিভূমির আয়তনও তুলনামূলকভাবে কম- সিরাজগঞ্জ সদর ও বেলকুচি উপজেলার চর এলাকায় কৃষিভূমির আয়তন যথাক্রমে ১১,৩০৯ একর এবং ১০,৫২৪ একর।

### সিরাজগঞ্জ জেলার চর এলাকায় প্রতি একরে এগ্রো ইনপুট বিক্রয়ের পরিমাণ



প্রতি একর কৃষিভূমিতে বিক্রয়ের পরিমাণ হিসাব করলে দেখা যায়, কাজীপুরে বিক্রয়ের পরিমাণ সবচেয়ে বেশি (প্রতি একরে ২,২০৫ টাকা)। সিরাজগঞ্জ সদর ও বেলকুচি উপজেলায় প্রতি একর কৃষিভূমিতে বিক্রয়ের পরিমাণ তুলনামূলকভাবে অনেক কম- যথাক্রমে ৮৬৬ টাকা ও ৭৫৪ টাকা।

## ৪.২ ফসলের ভিত্তিতে জমির পরিমাণ

### সিরাজগঞ্জ জেলায় এমফোরসির টার্গেট এলাকায় ফসল চাষের ভিত্তিতে জমির একরের পরিমাণ




সিরাজগঞ্জে *এমফোরসি*'র টার্গেট এলাকায়, বছরজুড়ে ১৬ টি ভিন্ন ধরণের ফসলের চাষ হয়ে থাকে। এর মধ্যে পাটের চাষ সবচেয়ে প্রচলিত- ২৬,২৮০ একরজুড়ে এ ফসলের চাষ। এর পরবর্তী অবস্থানেই আছে ডাল- ১৫,১৫৪ একর কৃষিভূমিজুড়ে ডালের চাষ হয়ে থাকে।

## ৪.৩ সিরাজগঞ্জের উপজেলাসমূহ

### ৪.৩.১ বেলকুচি

বেলকুচি উপজেলার আয়তন ১৫৮.৮৭ বর্গকিলোমিটার। উত্তরে কামারখন্দ ও সিরাজগঞ্জ সদর উপজেলা, পূর্বে টাঙ্গাইল সদর ও টাঙ্গাইলের কালিহাতী উপজেলা, দক্ষিণে শাহজাদপুর ও চৌহালি উপজেলার এবং পশ্চিমে উল্লাপাড়া ও কামারখন্দ উপজেলা নিয়ে বেলকুচির অবস্থান।

## গুরুত্বপূর্ণ হাট বাজার

বেলকুচির জনপ্রিয় হাট/বাজারের দিনগুলো নিম্নে উল্লেখ করা হলো।

| | iwe | †mwg | g½j | ea | en | ï µ | kwb |
|---|---|---|---|---|---|---|---|
| শমেসপুর হাট | | | | | | | |
| সোহাগপুর হাট | | | | | | | |

### বেলকুচি চর এলাকায় এগ্রো-ইনপুট বিক্রয়ের পরিমাণ (টাকা), ২০১৬-১৭



বেলকুচি উপজেলায় ২০১৬-১৭ অর্থবছরে চর এলাকায় এগ্রো-ইনপুট বিক্রয়ের সামগ্রিক পরিমাণ ছিলো ৭৯ লক্ষ টাকা। তিনটি হাট/বাজারে বিক্রয়ের পরিমাণ ছিলো উল্লেখযোগ্য- শমেসপুর হাটে বিক্রয়ের পরিমাণ ছিলো সবচেয়ে বেশি (৩৯ লাখ টাকা)। অন্য দু'টি হলো সোহাগপুর হাট ও শাহপুর হাট যে দু'টোয় বিক্রয়ের পরিমাণ ছিলো ১৩.৬ লাখ টাকা।

## চাষের প্যাটার্ন

বেলকুচি চর এলাকায় বসবাসরত ১১,৪৫২ টি পরিবারের মধ্যে ৯,৮৬১ টি পরিবারই কৃষিকাজের সাথে সম্পৃক্ত। বেলকুচি চর এলাকার চাষের প্যাটার্ন নিম্নে উল্লেখ করা হলো।

জেলা: সিরাজগঞ্জ উপজেলা: বেলকুচি

| GKi (%) | | | ৪০% | ২০% | ২০% | ১০% | ৫% | ৫% |
|---|---|---|---|---|---|---|---|---|
| খরিফ ২ | fv` | †m‡Þ¤i | × | × | × | × | ডাল | × |
| | Awkb | | | | | | | |
| | Awkb | A‡±vei | | | ডাল | | | |
| রবি | KwZK | | mwilv | | | ডাল | | |
| | KwZK | b‡f¤i | | Mg | | | | বাদাম |
| | অগ্রহায়ণ | | | | | | | |
| | অগ্রহায়ণ | wW‡m¤i | | | | | | |
| | †cŠl | | | | | | পিঁয়াজ/ বেগুন | |
| | †cŠl | Rvbqvwi | | | | | | |
| | gvN | | উচ্চফলনশীল - বোরো ধান | | উচ্চফলনশীল - বোরো ধান/ তিল | | | |
| | gvN | †de“qvwi | | | | | | |
| | ফাল্গুন | | | | | | | |
| | ফাল্গুন | gvP | | | | × | | |
| | ˆPÎ | | | × | | | | |
| খরিফ ১ | ˆPÎ | GwcÖj | | পাট/ ধৈঞ্চা | | পাট/ ধৈঞ্চা | পাট/ ধৈঞ্চা | × |
| | ˆekvL | | | | | | | |
| | ˆekvL | †g | | | | | | |
| | জৈষ্ঠ্য | | | | | | | |
| | জৈষ্ঠ্য | Rb | × | | × | | | |
| | আষাঢ় | | | | | | | |
| | আষাঢ় | RjvB | | | | | | |
| খরিফ ২ | kveY | | | | | | | |
| | kveY | AvM÷ | | × | | × | × | |
| | fv` | | | | | | | |

## বেলকুচি চর এলাকায় ফসল চাষের ভিত্তিতে জমির একরের পরিমাণ




### ৪.৩.২ কাজীপুর

এই উপজেলার আয়তন ৩২৮.৭৯ বর্গকিলোমিটার। এই জেলার উত্তরে বগুড়ার সারিয়াকান্দি ও ধুনট উপজেলা, পূর্বে জামালপুরের সরিষাবাড়ি উপজেলা, দক্ষিণে সিরাজগঞ্জ সদর উপজেলা এবং পশ্চিমে বগুড়ার ধূনট উপজেলা অবস্থিত।



# গুরুত্বপূর্ণ হাট বাজার

কাজীপুরের জনপ্রিয় হাট/বাজারের দিনগুলো নিম্নে উল্লেখ করা হলো।

| | iwe | †mvg | g½j | ea | en | ïµ | kwb |
|---|---|---|---|---|---|---|---|
| নাটুয়ারপাড়া হাট | | | | ■ | | | ■ |
| ঢেকুরিয়া বাজার | ■ | | | | ■ | | |
| রঘুনাথপুর বাজার | | ■ | | | ■ | | |

## কাজীপুর চর এলাকায় এগ্রো-ইনপুট বিক্রয়ের পরিমাণ (টাকা), ২০১৬-১৭






কাজীপুর উপজেলায় চরের হাট/বাজারে ২০১৬-১৭ অর্থবছরে এগ্রো-ইনপুট বিক্রয়ের মোট পরিমাণ ছিলো ৮.৬ কোটি টাকা। এর মধ্যে তিনটি হাট/বাজার উল্লেখযোগ্য- নাটুয়ারপাড়া হাটে বিক্রয়ের পরিমাণ ছিলো সর্বোচ্চ ৩.৪ কোটি টাকা। অন্য দু'টি বাজারে (ঢেকুরিয়া বাজার ও রঘুনাথপুর বাজার) বিক্রয়ের পরিমাণ ছিলো তুলনামূলকভাবে কম, যথাক্রমে ৬ লাখ ও ৯.৫ লাখ টাকা।

## চাষের প্যাটার্ন

কাজীপুরের চর এলাকায় ৪৬,৮০২ টি পরিবারের বসবাস, যার ২৬,৪৭২ টি পরিবারই কৃষিকাজের সাথে সম্পৃক্ত। কাজীপুর এলাকার চাষের প্যাটার্ন নিম্নে উল্লেখ করা হলো।

জেলা: সিরাজগঞ্জ উপজেলা: কাজিপুর

| GKi (%) | | | ২০% | ৫৫% | ১০% | ৫% | ৫% | ৫% |
|---|---|---|---|---|---|---|---|---|
| খরিফ ২ | fv` | †m‡Þ¤i | × | × | × | কলা | × | × |
| | Awkb | | | | | | | |
| | Awkb | A‡±vei | gwiP | fÆv | mwilv | | Mg | বাদাম |
| | KwZK | | | | | | | |
| রবি | KwZK | b‡f¤i | | | | | | |
| | অগ্রহায়ণ | | | | | | | |
| | অগ্রহায়ণ | wW‡m¤i | | | | | | |
| | †cŠl | | | | | | | |
| | †cŠl | Rvbqwi | | | | | | |
| | gvN | | | | উচ্চফলনশীল - বোরো চাল/ তিল | | | |
| | gvN | †de“qwi | | | | | | |
| | ফাল্গুন | | | | | | | |
| | ফাল্গুন | gvP | × | | | | | |
| | ^PÎ | | | | | | | |
| খরিফ ১ | ^PÎ | Gwcj | পাট | পাট | × | × | পাট | × |
| | ^ekvL | | | | | | | |
| | ^ekvL | †g | | | | | | |
| | জৈষ্ঠ্য | | | | | | | |
| | জৈষ্ঠ্য | Rb | | | | | | |
| | আষাঢ় | | | | | | | |
| | আষাঢ় | RjvB | | | | | | |
| খরিফ ২ | kveY | | | | | | | |
| | kveY | AvM÷ | × | × | | × | × | |
| | fv` | | | | | | | |

কাজীপুর চর এলাকায় মোট ১৩ টি ভিন্ন ধরণের ফসলের চাষ যেগুলো সর্বমোট ৪৯,১৮৯ একর জমিজুড়ে চাষ হয়। এর মধ্যে পাটের চাষ হয় ১৪,৬৯৬ একরজুড়ে এবং ভূট্টার চাষ হয় ১১,৯৯০ একরজুড়ে।

## কাজীপুর চর এলাকায় ফসল চাষের ভিত্তিতে জমির একরের পরিমাণ



### ৪.৩.৩ সিরাজগঞ্জ সদর

জনসংখ্যার বিচারে সিরাজগঞ্জ সদর সিরাজগঞ্জের দ্বিতীয় বৃহত্তম উপজেলা। এর আয়তন ৩২০.১৫ বর্গকিলোমিটার। উত্তরে কাজীপুর উপজেলা, পূর্বে টাঙ্গাইলের ভুয়াপুর ও কালিহাতী উপজেলা এবং জামালপুরের সরিষাবাড়ি উপজেলা, দক্ষিণে কামারখন্দ ও বেলকুচি উপজেলা এবং পশ্চিমে রায়গঞ্জ ও বগুড়ার ধূনট উপজেলা নিয়ে সদর উপজেলার অবস্থান।

## গুরুত্বপূর্ণ হাট বাজার

সিরাজগঞ্জ সদরের জনপ্রিয় হাট/বাজারের দিনগুলো নিম্নে উল্লেখ করা হলো।

| | iwe | ‡mvg | g½j | ea | en | ïµ | kwb |
|---|---|---|---|---|---|---|---|
| রুপসা হাট | | | | | | ■ | |
| সিরাজগঞ্জ শহর | ■ | ■ | ■ | ■ | ■ | ■ | ■ |
| গোবিন্দপুর হাট | | ■ | | | | | |

## সিরাজগঞ্জ সদর চর এলাকায় এগ্রো-ইনপুট বিক্রয়ের পরিমাণ (টাকা), ২০১৬-১৭

২০১৬-১৭ অর্থবছরে সিরাজগঞ্জ সদর উপজেলায় চর এলাকার হাটতে এগ্রো-ইনপুট বিক্রয়ের সামগ্রিক পরিমাণ ছিলো ৯৭ লক্ষাধিক টাকা। এর মধ্যে উল্লেখযোগ্য হাট হলো- রূপসা (মোট বিক্রয়ের পরিমাণ ৩৬ লাখ টাকা), সিরাজগঞ্জ বাজার (মোট বিক্রয়ের পরিমাণ ১৬ লাখ টাকা) এবং গোবিন্দপুর হাট (মোট বিক্রয়ের পরিমাণ ১০ লাখ টাকা)।

## চাষের প্যাটার্ন

সিরাজগঞ্জ সদরের চর এলাকায় ৮,৯২২ টি পরিবারের বসবাস। এদের মধ্যে ৬,৫৬১ টি পরিবারই কৃষিভিত্তিক পরিবার। সদর চর এলাকার চাষের প্যাটার্ন নিম্নে উল্লেখ করা হলো।

জেলা: সিরাজগঞ্জ　　　　উপজেলা: সিরাজগঞ্জ সদর

| GKi (%) | | | ২০% | ৫০% | ১০% | ১০% | ৫% | ৫% |
|---|---|---|---|---|---|---|---|---|
| খরিফ ২ | fv` / Awkb | †m‡Þ¤i | × | × | × | × | × | × |
| | Awkb / KwZK | A‡±vei | | | | | | |
| | KwZK / অগ্রহায়ণ | b‡f¤i | | | | | | |
| রবি | অগ্রহায়ণ / †cŠl | wW‡m¤i | gwiP | fÆv | mwilv | | | ডাল |
| | †cŠl / gvN | Rvbqvwi | | | | Mg | বাদাম | × |
| | gvN / ফাল্গুন | †de"qvwi | | | | | | |
| | ফাল্গুন / ˆPÎ | gvP | × | | উচ্চফলনশীল - বোরো ধান/ তিল | | | |
| | ˆPÎ / ˆekvL | Gwcj | | | | | | রোপা আমন ধান/ তিল |
| খরিফ ১ | ˆekvL / জৈষ্ঠ্য | †g | | | | | | |
| | জৈষ্ঠ্য / আষাঢ় | Rb | পাট | পাট | | পাট/ ধৈঞ্চা | × | |
| | আষাঢ় / kveY | RjvB | | | × | | | × |
| খরিফ ২ | kveY / fv` | AvM÷ | × | × | | | | |

১৫,৪৭১ একর কৃষিভূমি জুড়ে সিরাজগঞ্জ সদরের চরগুলোতে ১৩ টি ভিন্ন ধরণের ফসলের চাষ হয়। এর মধ্যে সবচেয়ে বেশি একর জুড়ে চাষ হয় পাটের ( ৫,৬১৭ একর) এবং ভূট্টার (২,১০৭ একর)।

## সিরাজগঞ্জ সদর চর এলাকায় ফসল চাষের ভিত্তিতে জমির একরের পরিমাণ



# ৫. পরিশেষ

## ৫.১ চর মার্কেটের অপার সম্ভাবনা

বাংলাদেশের উত্তরাঞ্চলের চর এলাকায় বসবাসরত মানুষদের জীবিকানির্বাহের মূল উৎস হলো কৃষিকাজ। প্রকৃতির উপহার এবং প্রাকৃতিক সম্ভাবনা থাকা সত্ত্বেও, কম উৎপাদনশীলতা ও নিম্নমানের ফসলের কারণে কৃষি থেকে এই মানুষগুলোর আয় তুলনামূলকভাবে কম। উৎপাদনশীলতার এহেন মন্দাবস্থা ও ফসলের নিম্নমানের পেছনের মূল কারণ হলো gvbm¤cb এগ্রো-ইনপুট ও উৎপাদন সেবার (প্রোডাকশন সার্ভিস) অভাব। এছাড়াও, চর এলাকার কৃষিভূমি ও কৃষি উৎপাদন বিভিন্ন আবহাওয়া ও জলবায়ু-বিষয়ক ঝুঁকির (বন্যা, নদী f¼b, শিলাবৃষ্টি, শৈত্যপ্রবাহ ও মৌসুমী রোগ) সম্মুখীন। একসময় দেশের মূল এগ্রো-ইনপুট কোম্পানিগুলো চর মার্কেটে ব্যবসায় সম্প্রসারণকে ঝুঁকিপূর্ণ ও ব্যয়বহুল মনে করতো এবং যে কারণে চর এলাকার হাট/বাজারে কোম্পানিগুলোর উপস্থিতি ছিলো না বললেই চলে। অপর্যাপ্ত ডিস্ট্রিবিউশন সেট-আপ এবং চর এলাকায় মূল ভূখন্ডের তুলনায় বিক্রয় বৃদ্ধির খরচ (কস্ট অফ সেলস জেনারেশন) বেশি হওয়াই ছিলো এর পেছনের মূল কারণ। একইসাথে, পর্যাপ্ত অর্থ ও জনবলের অভাবে সরকারী সংস্থাগুলো দ্বারা চর-বিষয়ক গবেষণা এবং প্রয়োজনীয় প্রযুক্তির সম্প্রসারণ সম্ভব হয়ে উঠেনি।

### এগ্রো-ইনপুট কোম্পানিরগুলোর সাথে পার্টনারশিপ



*এমফোরসি* cK‡íi Kg এলাকায় মানসম্মত এগ্রো-ইনপুটের mieivn ও Drcv`b welqK ‡mev উন্নয়নের পেছনে এগ্রো-ইনপুট কোম্পানিগুলো মূল চালিকাশক্তি হিসেবে কাজ করেছে। প্রাথমিকভাবে, এগ্রো-ইনপুট কোম্পানিগুলো বিভিন্ন মার্কেটিং কার্যক্রম পরিচালনা করেছে; যেমন- নির্দিষ্ট ফসলের (ভূট্টা, মরিচ ইত্যাদি) এগ্রো-ইনপুটের ওপর প্রশিক্ষণ প্রদান ও সচেতনতা তৈরী। আস্তে আস্তে bZb bZb PiGjvKvq e¨emv cmv‡ii সাথে সাথে, কোম্পানিগুলো এখন নির্দিষ্ট ফসলের এগ্রো-ইনপুটবিষয়ক প্রশিক্ষণের চেয়ে সামগ্রিকভাবে চরের সব ফসলের এগ্রো-ইনপুটবিষয়ক প্রশিক্ষণের ওপর জোর দিচ্ছে বেশি।

চর এলাকায় মার্কেট প্রতিষ্ঠার ক্ষেত্রে এগ্রো-ইনপুট কোম্পানিগুলো যে মূল চ্যালেঞ্জের সম্মুখীন হয় সেগুলো হলো- মূল ভূখন্ড, সাপ্লাই চেইন ও মূল তথ্যের উৎস থেকে চরের বিচ্ছিন্নতা এবং পরিবহন খরচ। অন্যান্য চ্যালেঞ্জগুলোর মধ্যে প্রাকৃতিক দুর্যোগ, ক্রয়ক্ষমতা ও সচেতনতার অভাব, Aeকাঠামো (ইনফ্রাস্টাকচার) ও বিদ্যুৎব্যবস্থার অপরিপক্কতা অন্যতম।

## ৫.২ এমফোরসি ও সিডিআরসি'র সহযোগিতা

চর মার্কেটে ব্যবসায়ের প্রসার ঘটাতে এগ্রো-ইনপুট কোম্পানিগুলোর অব্যাহত প্রচেষ্টার সাথে ন্যূনতম যা প্রয়োজন তা হলো চর মার্কেটকে বার্ষিক বিক্রয় cwiKíbvর আওতায় নিয়ে আসা, নিয়মিত বিক্রয়কর্মী নিয়োজিত করা, সম্পূর্ণ ডিস্ট্রিবিউশন সেটআপ তৈরী করা এবং বিক্রয় টার্গেট (মিনিমাম সেলস টার্গেট) অর্জন করা। সেই লক্ষ্যে, *এমফোরসি* ২০১৬ এবং ২০১৭ সালে এগ্রো-ইনপুট কোম্পানিগুলোর সাথে তিন বছরের বিক্রয় উন্নয়ন পরিকল্পনায় পার্টনার হিসেবে চুক্তিস্বাক্ষর করেছে এবং তাদেরকে বাজার গবেষণা, সেলস ও মার্কেটিং পরিকল্পনা, কস্ট শেয়ারিং এবং সেলস ট্র্যাকিং-য়ে সহযোগিতা করছে। একইসাথে, *এমফোরসি* সরকারী গবেষণা ও সম্প্রসারণ (ডি এ ই/ডি এল এস) সংস্থার সাথে পার্টনারশিপে কাজ করছে এবং চর এলাকায় উৎপাদিত বিভিন্ন ফসল (যেমন- মরিচ, পাট ও বাদাম) এবং গবাদিপশুর মান উন্নয়নে কাজ করে যাচ্ছে।

*চরস ডেভেলপমেন্ট রিসার্চ সেন্টার (সিডিআরসি)* বগুড়ায় অবস্থিত *পল্লী উন্নয়ন একাডেমী* ভিত্তিক একটি পল্লী উন্নয়ন কেন্দ্র, যার মূল লক্ষ্য হলো চর এলাকার দরিদ্র এবং হতদরিদ্র/চরম দরিদ্র, বাসিন্দাদের জীবিকার মানোন্নয়নে কাজ করা। *সিডিআরসি'র* প্রাথমিক উদ্দেশ্যই হলো চরে বসবাসরত মানুষদের (নারী, পুরুষ ও শিশু) প্রয়োজনীয় সামর্থ্য তৈরী করা এবং তাদের অর্থনৈতিক ক্ষমতায়ন। সেই লক্ষ্যে, *এমফোরসি* একটি মূল প্রাতিষ্ঠানিক পার্টনার হিসেবে *সিডিআরসি'র* সহযোগী হিসেবে কাজ করে যাচ্ছে এবং সংগঠনটির `¶Zv বৃদ্ধি করার উদ্দেশ্য নিয়ে তাদেরকে প্রয়োজনীয় সহযোগিতা দিয়ে যাচ্ছে যেনো সংগঠনটি চর এলাকায় আরও বেশি সরকারী ও বেসরকারী বিনিয়োগ e„×‡Z fwgKv ivL‡Z cv‡i।

*এমফোরসি'র* সাথে পার্টনারশিপের বাইরেও, এগ্রো-ইনপুট কোম্পানি মিটিং ও চর K„l I বাণিজ্য মেলা আয়োজনের মাধ্যমে, *সিডিআরসি* এগ্রো-ইনপুট কোম্পানিগুলোর সাথে সম্পর্ক স্থাপন করেছে। এই আয়োজনগুলোর মাধ্যমে তৈরী হওয়া সম্পর্কের সদ্ব্যবহার করে, *সিডিআরসি* বেশ কিছু বেসরকারী এগ্রো-ইনপুট কোম্পানিকে চর এলাকার ব্যবসায়ীদের সাথে সংযোগ স্থাপনে সাহায্য করার মাধ্যমে বিভিন্ন চর এলাকায় কোম্পানিগুলোর ব্যবসা cmv‡i সহায়তা করেছে এবং ভবিষ্যতেও এ কাজ করার পরিকল্পনা রেখেছে। এছাড়াও, *সিডিআরসি* তাদের ওয়েবসাইটে চর-বিষয়ক ডাটাবেজ হোস্ট করার লক্ষ্যে কাজ করছে। এই ওয়েব সাইটটিতে (cdrc-rda.org) চর মার্কেটের ব্যাপারে আগ্রহী এগ্রো-ইনপুট কোম্পানিগুলো প্রয়োজনীয় চর-বিষয়ক তথ্য পাবে যার মাধ্যমে কোম্পানিগুলো চর মার্কেটে প্রবেশের উপযুক্ত কৌশল তৈরী করতে পারবে এবং তাদের ব্যবসায়িক পোর্টফোলিও আরও সমৃদ্ধ করতে পারবে।

## ৫.৩ এগ্রো-ইনপুট কোম্পানিগুলো যেভাবে চর মার্কেটে প্রবেশ করতে পারে

চর মার্কেটে কার্যক্রম পরিচালনার চ্যালেঞ্জগুলো একইসাথে চর মার্কেটের সম্ভাবনার জন্ম দেয়।

- যখন সাপ্লাই চেইন দুর্বল, একটি এগ্রো-ইনপুট কোম্পানি আনট্যাপড বা 'আগে অন্য কোনো কোম্পানি সেই জায়গার মার্কেটে প্রবেশ করেনি' এরকম মার্কেটে প্রবেশের মাধ্যমে 'ফার্স্টমুভার' এর সুবিধা পেতে পারে।

- একটি অব্যবহৃত বা আগে কারও প্রবেশ হয়নি এরকম মার্কেটে ভালো উৎপাদনের জন্য এগ্রো-ইনপুটের সঠিক ব্যবহার শেখানোর সুযোগও তৈরী করে দেয়। এজন্য ক্যাম্পেইনগুলোতে মানসম্মত এগ্রো-ইনপুট ব্যবহারের প্রয়োজনীয়তা এবং তা ব্যবহারের জন্য সঠিক চর্চার (যেমন- সঠিক সময়, ডোজের সঠিক পরিমাণ ইত্যাদি) ওপর জোর দেয়া উচিৎ।

- চর এলাকায় প্রাকৃতিক দুর্যোগ খুবই নৈমিত্তিক একটি ব্যাপার, কিন্তু এর কারণে এগ্রো-ইনপুট বিক্রয়ের পরিমাণও বেশি। উদাহরণস্বরূপ বলা যায়, শৈত্যপ্রবাহের কারণে ফসলে ছত্রাকের সংক্রমণ হতে পারে, এ পরিস্থিতিতে ছত্রাকনাশকের চাহিদাও বৃদ্ধি পায়।

- এগ্রো-ইনপুট কোম্পানিগুলোর চাষের প্যাটার্ন, চলমান কৃষি চর্চা, ডিস্ট্রিবিউশন চ্যানেল ও সম্ভাব্য প্রাকৃতিক দুর্যোগ ইত্যাদি বিবেচনায় রেখে সামগ্রিক বিক্রয় পরিকল্পনা থাকতে হবে।

CDRC
Chars Development Research Centre | RDA

LightCastle Partners

M4C
MAKING MARKETS WORK FOR THE CHARS

পরিকল্পনায়

Rural Development and Cooperatives Division
Ministry of LGRD & Cooperatives

Schweizerische Eidgenossenschaft
Confédération suisse
Confederazione Svizzera
Confederaziun svizra

Swiss Agency for Development
and Cooperation SDC

বাস্তবায়নে

RURAL DEVELOPMENT ACADEMY, BOGRA

swisscontact